দামুড়হুদায় দুই আলম সাধুর মুখোমুখি সংঘর্ষে নিহত ১

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর দোয়ারধার নামক স্থানে দুই আলম সাধুর মুখোমুখি সংঘর্ষে একজন নিহত ও একজন গুরুতর আহত হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টার দিকে দুই দিক থেকে আসা দুইটা আলম সাধুর মুখোমুখি সংঘর্ষে এ দূর্ঘটনা ঘটে। নিহত ব্যাক্তি হলো আলমডাঙ্গা উপজেলার হাঁপানিয়া গ্রামের আমির আলীর ছেলে উজ্জ্বল হোসেন (২৮) এবং আহত ব্যক্তি হলো একই উপজেলার ভালাইপুর গ্রামের জহুরুল ইসলামের ছেলে ইব্রাহিম (৪০)।

স্থানীয় সুত্রে জানাগেছে, গতকাল বুধবার সকাল ১০ টার দিকে উপজেলার জয়রামপুর প্রধান সড়কে দর্শনা থেকে একটি মাছের খালি ড্রাম নিয়ে আলম সাধু ও অপর দিক দামুড়হুদা থেকে কাঠ বোঝায় আর একটি আলম সাধু গাড়ি দ্রুত গতিতে চালিয়ে আসে এবং দোয়ারধার নামক স্থানে এসে পৌঁছালে দুইটা গাড়ির মুখোমুখি সংঘর্ষ ঘটলে এ দূর্ঘটনা ঘটে। স্থানীয় এলাকাবাসী এসে দ্রুত তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক উজ্জ্বলকে পরিক্ষা নিরিক্ষার পরে মৃত ঘোষণা করেন এবং অপর গাড়ির চালক ইব্রাহীম চিকিৎসাধীন অবস্থায় আছে। সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন এবং আলম সাধু দুইটা উদ্ধার করে থানা হেফাজতে নেয়া হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির বলেন দুই আলম সাধুর মুখোমুখি সংঘর্ষে একজন নিহত হয়েছেন নিহতের লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে আছে, এখনও পর্যন্ত কারো পক্ষ থেকে কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।